# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

## সাভার, ঢাকা-১৩৪২

### স্নাতকোত্তর (নিয়মিত) শ্রেণিতে ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিভিন্ন বিভাগ/ইনস্টিটিউটের স্নাতক (সম্মান) শ্রেণীর চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণকারী/সম্পন্নকারী শিক্ষার্থীদেরকে স্নাতকোত্তর শ্রেণীতে সাময়িকভাবে/স্থায়ীভাবে ভর্তি প্রক্রিয়া অনলাইন পদ্ধতিতে সম্পন্ন করতে হবে।

**ভর্তির জন্য আবেদন করার নিয়মাবলীঃ**

নিম্নে উল্লিখিত পদ্ধতি অনুসরণপূর্বক অনলাইন আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

(i) masters.ju-admission.org ওয়েবসাইটে প্রবেশ করে Honours Registration Number এবং আপনার নিজস্ব মোবাইল নম্বর দিয়ে নিবন্ধন (Registration) এবং লগইন করে Apply for Admission মেনুতে ক্লিক করতে হবে।

(ii) এরপর নগদ অথবা DBBL মোবাইল ব্যাংকিং রকেট-এর মাধ্যমে নির্ধারিত ভর্তি ফি প্রদান করতে হবে।

(iii) যথাযথভাবে ভর্তি ফি প্রদান করলে ভর্তির জন্য অনলাইন আবেদন ফর্মটি আসবে এবং প্রয়োজনীয় তথ্যাদি পূরণ করে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

(iv) এরপর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আপনার আবেদনটি যাচাই করবে এবং যাচাই সম্পন্ন হলে আবেদনকারীর মোবাইলে যথাসময়ে ভর্তি নিশ্চায়ন এসএমএস পাঠানো হবে। এছাড়া আবেদনকারী ওয়েবসাইটে লগইন করেও তার আবেদনের বর্তমান অবস্থা জানতে পারবে।

(v) ভর্তি নিশ্চায়ন হবার পর পুনরায় লগইন করে আপনার ভর্তি রশিদ প্রিন্ট করে সংরক্ষন করুন।

**সতর্কতাঃ** একই মোবাইল নম্বর ব্যবহার করে একাধিক আবেদন করা যাবেনা। **উল্লেখ্য যে, একই রকেট/নগদ একাউন্ট থেকে একাধিক ভর্তি ফি পরিশোধ করা যাবে।**

**বিভিন্ন বিভাগ/ ইনস্টিটিউটের ভর্তির ফি নিম্নরূপ (সার্ভিস চার্জ ব্যতীত):**

| | | পোষ্য কোটায় ভর্তির ক্ষেত্রে প্রযোজ্য ভর্তি ফি | |
|---|---|---|---|
| অনুষদভুক্ত বিভাগসমূহ/ইনস্টিটিউট | ভর্তি ফি | শিক্ষক/কর্মকর্তার পোষ্য ও কর্মচারীর ভাই-বোন-এর ক্ষেত্রে | কর্মচারীর সন্তান-এর ক্ষেত্রে |
| গাণিতিক ও পদার্থবিষয়ক, জীববিজ্ঞান এবং ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি) | ৪৬২ টাকা | ৩৬৭ টাকা | ১৮৭ টাকা |
| সমাজবিজ্ঞান (নৃবিজ্ঞান এবং সরকার ও রাজনীতি বিভাগ ব্যতীত), বিজনেস স্টাডিজ এবং ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন (আইবিএ-জেইউ),আইন অনুষদ, নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ এবং চারুকলা বিভাগ। | ৪২১ টাকা | ৩২৬ টাকা | ১৮২ টাকা |
| কলা ও মানবিকী (নাটক ও নাট্যতত্ত্ব এবং চারুকলা বিভাগ ব্যতীত) এবং বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউট, নৃবিজ্ঞান বিভাগ এবং সরকার ও রাজনীতি বিভাগ। | ৩৯৬ টাকা | ৩০১ টাকা | ১৫৭ টাকা |

**রকেট -এর মাধ্যমে ভর্তি ফি প্রদানঃ**

আবেদনকারীর নিজের ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্ট থেকে অথবা এজেন্টের রকেট একাউন্ট থেকে ওয়েবসাইটে উল্লিখিত পরিমাণ টাকা জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের **3240 নম্বর Biller ID**- তে জমা দিতে হবে।

**DBBL মোবাইল ব্যাংকিং রকেট-এর মাধ্যমে ভর্তি ফি জমাদানের প্রক্রিয়া নিম্নরূপঃ**

i) ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্টের মূল মেনুতে প্রবেশের জন্য ***322#** ডায়াল করতে হবে।

ii) **Bill Pay** নির্বাচন করতে হবে।

iii) অতঃপর নিজের পেমেন্ট হলে **1. Self** অথবা অন্য কারো জন্য পেমেন্ট করলে **2. Other** নির্বাচন করতে হবে। **2. Other** নির্বাচন করলে যার জন্য পেমেন্ট করা হচ্ছে তার মোবাইল নম্বর দিতে হবে।

iv) তারপর **0. Other** নির্বাচন করতে হবে। এরপর Biller ID হিসেবে **3240** টাইপ করতে হবে।

v) এরপর **Bill Number** হিসাবে আপনার Honours Registration Number টি টাইপ করুন।

vi) **Amount** হিসেবে সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট-এর জন্য নির্ধারিত ভর্তি ফি টাইপ করতে হবে।

vii) এবার DBBL মোবাইল ব্যাংকিং রকেট **PIN** টাইপ করতে হবে।

পেমেন্ট প্রক্রিয়া শেষ হলে আবেদনকারীর বা এজেন্টের মোবাইলে ফিরতি **SMS**-এর মাধ্যমে একটি **Transaction ID (Txnid)** আসবে। ঐ Transaction ID টি সযত্নে সংরক্ষণ করতে হবে যা পরবর্তী কার্যক্রমের জন্য প্রয়োজন হবে।

**নগদ-এর মাধ্যমে ভর্তি ফি প্রদানঃ**

**নগদ-এর মাধ্যমে ভর্তি ফি জমাদানের জন্য** আবেদনকারীর নগদ একাউন্ট থেকে ওয়েবসাইটে সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউটে ভর্তির জন্য উল্লিখিত পরিমাণ ফি masters.ju-admission.org এ লগইন করে পেমেন্ট করতে হবে।

**নগদ-এর মাধ্যমে ভর্তি ফি জমাদানের প্রক্রিয়া নিম্নরূপঃ**

I. masters.ju-admission.org ওয়েবসাইটে **Honours Registration Number** এবং মোবাইল নম্বর দিয়ে নিবন্ধনের পর লগইন করে **Apply for Admission** মেনুতে ক্লিক করুন।

II. স্ক্রিনে সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট- এর জন্য নির্ধারিত ভর্তি ফি'র পরিমাণ দেখাবে। এরপর ঐ স্ক্রিনে নগদ পেমেন্ট বাটনে ক্লিক করুন।

III. এরপর নগদ একাউন্টের নম্বর দিন এবং শর্তাবলিতে সম্মতি দিয়ে পরবর্তী ধাপে যান।

IV. নগদ আপনার একাউন্ট নম্বরে **sms**-এর মাধ্যমে একটি ভেরিফিকেশন কোড পাঠাবে। কোডটি পেমেন্ট স্ক্রিনে দিয়ে পরবর্তী ধাপে যান।

V. এরপর আপনার নগদ একাউন্টের পিন **(PIN)** দিন এবং পেমেন্ট সম্পন্ন করুন। পেমেন্ট সফল হলে সাথে সাথেই আপনি একটি কনফার্মেশন **sms** পাবেন এবং ভর্তির জন্য আবেদন ফর্ম দেখতে পাবেন।

**ভর্তির ক্ষেত্রে প্রয়োজন:**

**(ক) আবেদনকারীর প্রয়োজনীয় তথ্য প্রদান:**

( যেমনঃ এসএসসি ও এইচএসসি'র বোর্ড, প্রতিষ্ঠানের নাম, রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শাখা, পাশের সন এবং জিপিএ ইত্যাদি)।

**(খ) যেসব সনদপত্র আপলোড করতে হবে**

১. এস.এস.সি, এইচ.এস.সি পরীক্ষার মূল সনদপত্র ও স্নাতক পরীক্ষার নম্বরপত্রের অনুলিপি।

২. পাসপোর্ট আকারের রঙিন ছবি (৩০০ X ৩০০ পিক্সেল এবং ফাইল সাইজ ১০০ কিলোবাইটের বেশি নয়)।

স্বাক্ষর/-মো. আবু হাসান
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)

স্মারক সংখ্যা: জাবি/রেজি/শিক্ষা/৪১৭৮(১২০) তারিখ: ০৮-৬-২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১. প্রো-উপাচার্য (প্রশাসন), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
২. প্রো-উপাচার্য (শিক্ষা), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৩. ট্রেজারার, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৪. সকল ডিন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৫. রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৬. পরিচালক, ছাত্রকল্যাণ ও পরামর্শদান কেন্দ্র, জাবি, সাভার, ঢাকা।
৭. সকল প্রভোস্ট, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৮. প্রক্টর, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৯. সকল বিভাগীয় সভাপতি/পরিচালক,আইবিএ-জেইউ/আইআইটি/প্রকল্প পরিচালক, বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউট, জাবি, সাভার, ঢাকা।
১০. সভাপতি/সম্পাদক, শিক্ষক সমিতি, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
১১. হিসাবাধ্যক্ষ(ভারপ্রাপ্ত)/সকল পরিচালক/পরীক্ষা নিয়ন্ত্রক/অফিস প্রধান/ভারপ্রাপ্ত শিক্ষক, জাবি, সাভার, ঢাকা।
১২. ভারপ্রাপ্ত শিক্ষক, আইসিটি সেল, জাবি, সাভার, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১৩. সকল ডেপুটি রেজিস্ট্রার, রেজিস্ট্রার অফিস, জাবি, সাভার, ঢাকা।
১৪. উপাচার্যের সচিব(ডেপুটি রেজিস্ট্রার), উপাচার্য অফিস, জাবি, সাভার, ঢাকা।
১৫. অধ্যক্ষ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজ, সাভার, ঢাকা।
১৬. সভাপতি/সাধারণ সম্পাদক, অফিসার সমিতি/কর্মচারী সমিতি/কর্মচারী ইউনিয়ন, জাবি।
১৭. সভাপতি/সাধারণ সম্পাদক, সাংবাদিক সমিতি/জাবি প্রেস ক্লাব, জাবি, সাভার, ঢাকা।
১৮. নোটিশ বোর্ড।

(মোঃ আবু হাসান)
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)